

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩২৪৫

১১. কিতাবুয যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ পূর্বে উল্লেখিত হাদীসে যে ভাল কাজ ও হক এর কথা বলা হয়েছে, তার দ্বারা উদ্দেশ্য হলো ফরয যাকাত; নফল দান উদ্দেশ্য নয়

ذَكَرَ الْبَيَانَ بِأَنَّ الْخَيْرَ وَالْحَقَّ اللَّذَيْنِ ذَكَرْنَاهُمَا فِي خَبَرٍ أُرِيدَ بِهِمَا: الزَّكَاةَ الْفَرْضِيَّةَ دُونَ التَّطَوُّعِ.

আরবী

3245 - أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ إِسْحَاقَ بْنِ خُزَيْمَةَ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ رَافِعٍ قَالَ: حَدَّثَنَا مُصْعَبُ بْنُ الْمِقْدَامِ قَالَ: حَدَّثَنَا دَاوُدُ الطَّائِيُّ عَنِ الْأَعْمَشِ عَنِ الْمَعْرُورِ بْنِ سُوَيْدٍ: عَنْ أَبِي ذَرٍّ قَالَ: قَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (وَالَّذِي نَفْسِي بِيَدِهِ لَا يَمُوتُ رَجُلٌ فَيَدَعُ إِبِلًا أَوْ بَقْرًا أَوْ غَنَمًا لَمْ يُؤَدِّ زَكَاتَهَا إِلَّا مَثَلَتْ لَهُ يَوْمَ الْقِيَامَةِ أَعْظَمَ مَا تَكُونُ وَأَسْمَنَهُ تَنْطَحُهُ بِقُرُونِهَا وَتَطْوُهُ بِأَخْفَانِهَا كُلَّمَا زَهَبَ أَخْرَاهَا رَجَعَ أَوْلَاهَا كَذَلِكَ حَتَّى يَقْضِيَ اللَّهُ بَيْنَ النَّاسِ)

الراوي : أَبُو ذَرٍّ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3245 | خلاصة حكم المحدث: صحيح - ((التعليق الرغيب)) (1/267): ق.

বাংলা

৩২৪৫. আবু যার আল গিফারী রাহিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, “ঐ সত্তার কসম, যার হাতে আমার প্রাণ রয়েছে, যদি কোন ব্যক্তি এমন উট, গরু ও মেঘ রেখে মারা যায়, যেগুলোর সে যাকাত আদায় করেনি, তবে সেগুলোকে কিয়ামতের দিন দুনিয়ার চেয়ে বিশালাকার ও বেশি মোটা করে উপস্থাপন করা হবে, সেগুলো তাদের শিং দিয়ে তাকে গুতা দিবে এবং খুর দ্বারা আঘাত করবে। যখনই তাদের সর্বশেষটি চলে যাবে, তখন আবার প্রথমটি চলে আসবে। মহান আল্লাহ মানুষের মাঝে বিচার-ফায়সালা না করা পর্যন্ত এভাবেই তাকে শাস্তি দেওয়া হবে।”[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৫/১৫৭-১৫৮; সহীহ মুসলিম: ৯৯০; ইবনু মাজাহ: ১৭৮৫; নাসাঈ: ৫/২৯; সহীহ ইবনু খুযাইমাহ: ২২৫১; সুনান বাইহাকী: ৪/৯৭; সহীহুল বুখারী: ১৪৬০; তিরমিযী: ৬১৭; দারেমী: ১/৩৮১।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকুর রাগীব: ১/২৬৭)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবু যার আল-গিফারী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=92576>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন